



জিএম কাদেরকে প্রধান আসামি করে ছাত্র অধিকার পরিষদের মামলা



সংগৃহীত ছবি

গণ অধিকার পরিষদের মিছিলে হামলার ঘটনার পর জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরসহ ১৮ জনকে আসামি করে মামলা করেছে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ। মামলাটি রমনা মডেল থানা দায়ের করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) রাজধানীর রমনা মডেল থানায় বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ (বাচপা) একটি মামলা দায়ের করেছে। সাংগঠনিক সম্পাদক আখতারুজ্জামান সত্ৰাট মাঝি বাদী হয়ে মামলাটি করেন।

মামলায় জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরকে প্রধান আসামি করা হয়েছে। এছাড়াও দলটির মহাসচিব ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী ও প্রেসিডিয়াম সদস্য হাজী সাইফুদ্দিন আহমেদ মিলনসহ মোট ১৮ জনকে আসামি করা হয়েছে। পাশাপাশি, শতাধিক অজ্ঞাতনামা নেতাকর্মীর বিরুদ্ধে অভিযোগ অন্তর্ভুক্ত রয়েছে।

ঘটনার প্রেক্ষাপট হিসেবে, ২৯ আগস্ট রাজধানীর বিজয়নগর এলাকায় জাতীয় পার্টি ও গণ অধিকার পরিষদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে বাচপা সভাপতি নুরুল হক নুরসহ কয়েকজন নেতাকর্মী আহত হন। আহত নুর ঢামেক হাসপাতালের নিবিড় পর্যবেক্ষণ ইউনিট (আইসিইউ) এবং পরে কেবিনে ভর্তি ছিলেন। গত সোমবার (১৫ সেপ্টেম্বর) তিনি হাসপাতালে থেকে ছাড়া পান।